

নং-০৫.৪৩.৮৮৪৪.০০২.৩০.০০১.২০.

২৬-৬০৫

তারিখঃ ১০/০২/২০২০ খ্রি.।

### নিলাম বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ এর নিম্নবর্ণিত পুরাতন আসবাবপত্রসমূহ নিলামে বিক্রি করা হবে। আগামী ১৮/০২/২০২০ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নলিখিত শর্তে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নিলামকৃত আসবাবপত্রসমূহ সরেজমিনে পরিদর্শন ও নিলাম ডাক সম্পর্কিত যে কোন তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র অফিস হতে জানা যাবে।

#### ঃ আসবাবপত্রসমূহ :

ক্র.ন.	আসবাবপত্রের নাম	পরিমাণ	মন্তব্য
১.	স্ট্রীলের আলমারি	০৫ (পাঁচ) টি	
২.	কাঠের আলমারি	০১ (এক) টি	
২.	ফাইল র‍্যাক (ছোট)	০২(দুই) টি	
৩.	টেবিল	০২(দুই) টি	

#### শর্তাবলী :

১. নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা পে-অর্ডার/নগদ জামানত হিসেবে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
২. সর্বোচ্চ নিলাম ডাককারীকে ডাকের সমুদয় টাকা কর্তৃপক্ষের নিকট নিলাম প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে নির্ধারিত ভ্যাট ও আয়করসহ জমা দিতে হবে।
৩. নিলাম ডাকের পর ডাকের টাকা পরিশোধ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
৪. কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে নিলাম ডাককৃত মালামালসমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অপসারণ করতে হবে।
৫. ডাককৃত মালামালসমূহ অপসারণের সময় অন্য কোন স্থায়ী ও অস্থায়ী সম্পত্তির কোন প্রকার ক্ষতি হলে নিলাম ডাকগ্রহণকারীকে ক্ষতিপূরণ দিতে হবে।
৬. সর্বোচ্চ ডাককারী ব্যতিত অন্যসকল ডাককারীর জামানত ০৭ (সাত) দিনের মধ্যে ফেরত দেওয়া হবে।
৭. সর্বোচ্চ ডাককারীর জামানতের টাকা নিলাম ডাকের টাকার সাথে সমন্বয় করা হবে।
৮. কোন কারণে সর্বোচ্চ দরদাতা ব্যর্থ হলে পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতা নিলাম ডাক প্রাপ্ত হবেন।
৯. নিলাম ডাক বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ বিনা শর্তে সংরক্ষণ করবেন।

  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
১০.০২.২০২০

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

নিলাম কমিটি

কামারখন্দ, সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা প্রকৌশলী, সিরাজগঞ্জ।
- ৪। সহকারী প্রোগ্রামার, কামারখন্দ, সিরাজগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। নোটিশ বোর্ড।